দৈনিক ইত্তেফাক

২৫/১১/২০০৩

তারিখ ...............
পৃষ্ঠা ৩ কলাম ৬ ......

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ পদগুলিতে সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষকদের নিয়োগ দাবী

জাতীয় বিশ্ববিদ্যালয়ের 'ভিসি-প্রোভিসি, ট্রেজারার ও ডীনসহ সকল গুরুত্বপূর্ণ পদে সরকারী ও বেসরকারী কলেজের যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকদের নিয়োগ দানের দাবী জানাইয়াছে বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ-বিপিসি এবং বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস)। গত বৃহস্পতিবার এক বিবৃতিতে তাহারা এ দাবী জানান।